তারিখ 23 NOV 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৩

দৈনিক
ইত্তেফাক

# বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু

**জামালপুর প্রতিনিধি**

জামালপুরের মেলান্দহ উপজেলায় অবস্থিত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফিশারিজ কলেজটি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে একটি পাবলিক বিশ্ববিদ্যালয় হিসাবে যাত্রা শুরু করেছে। ২০ নভেম্বর জাতীয় সংসদে এ সংক্রান্ত একটি বিল সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। এদিকে মঙ্গলবার এ খবরে জামালপুরবাসী আনন্দে উদ্বেলিত হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, এলাকার সুধীজনরা বিশাল আনন্দ শোভাযাত্রা বের করে। শোভাযাত্রাটি ক্যাম্পাস থেকে বের হয়ে মালঞ্চ বাজার পর্যন্ত সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আলোচনা সভায় মিলিত হন। সেখানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মীর্জা আজম এমপিসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ রফিকুল বারী, সহকারী অধ্যাপক আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক সাদিকুর রহমান, সৈয়দ আরিফুল হক, মেলান্দহ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুর রাজ্জাক সুজা প্রমুখ।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০ নভেম্বর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বিল-২০১৭' নামে একটি বিল প্রস্তাব উত্থাপন করেন। সংসদে বিরোধীদল জাতীয় পার্টির সংসদ সদস্য মোঃ ফখরুল ইমামসহ অন্যরা বিলটির উপর জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব করলে তা কণ্ঠভোটে নাকচ হয়ে বিলটি কণ্ঠভোটে পাস হয়। ১৯৯৮ সালে উপজেলার নয়ানগর ইউনিয়নের মালঞ্চ এলাকায় তৎকালীন আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য মির্জা আজম এমপি শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফিশারিজ কলেজ স্থাপন করেন। পরবর্তীতে তিনি এলাকায় উচ্চশিক্ষা বিস্তারে জামালপুরে পূর্ণাঙ্গ একটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনে প্রচেষ্টা চালিয়ে আসছিলেন।